

সীমিত

সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ

বিজ্ঞপ্তি



বিজিবি এর অবসর প্রাপ্ত/শারীরিক অক্ষমতার দরুন চাকুরী হতে অবসর প্রাপ্ত সদস্যদের সন্তান, বিজিবি এর মৃত সদস্যদের সন্তান এবং বিজিবি এর শহীদ/মুক্তিযোদ্ধা সদস্যদের সন্তান/নাতী/নাতনীদেরকে বিজিবি শিক্ষা বৃত্তি প্রদান-২০১৯

বিজিবি এর অবসর প্রাপ্ত/শারীরিক অক্ষমতার দরুন চাকুরী হতে অবসর প্রাপ্ত সদস্যদের সন্তান, বিজিবি এর মৃত সদস্যদের সন্তান এবং বিজিবি এর শহীদ/মুক্তিযোদ্ধা সদস্যদের সন্তান/নাতী/নাতনীদেরকে ২০১৯ সালের জন্য বিজিবি শিক্ষা বৃত্তি প্রদান করা হবে। সত্যায়িত মার্কসীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট/টেবুলেশন সীটসহ বিজিবি কর্তৃক ছাপানো ফরমে যথাস্থানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের সীল ও স্বাক্ষর গ্রহণ পূর্বক আবেদনপত্র আগামী ২৮-০২-২০২০ তারিখের মধ্যে ডাক যোগে সদর দপ্তর বিজিবি, প্রশাসন শাখা, প্রশাসন পরিদপ্তর (কল্যাণ সেকশন), পিলখানা, ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে। বৃত্তির জন্য নির্ধারিত ফরম বিজিবি এর সকল ইউনিট হতে পাওয়া যাবে। নীতিমালা অনুযায়ী কোন কোন শ্রেণীর বৃত্তি প্রদান করা হবে তা নিম্নে উপস্থাপন করা হলো :

- ক। এইচএসসি/সমমানের পরীক্ষায় গোল্ডেন জিপিএ-৫ গ্রেডিং প্রাপ্ত।
- খ। এসএসসি/সমমানের পরীক্ষায় গোল্ডেন জিপিএ-৫ গ্রেডিং প্রাপ্ত।
- গ। জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় গোল্ডেন জিপিএ-৫ গ্রেডিং প্রাপ্ত।
- ঘ। প্রাইমারি এ্যাডুকেশন সার্টিফিকেট পরীক্ষায় জিপিএ-৫ গ্রেডিং প্রাপ্ত।
- ঙ। ষষ্ঠ শ্রেণী হতে দশম শ্রেণী পর্যন্ত।
- চ। প্রথম শ্রেণী হতে পঞ্চম শ্রেণী পর্যন্ত পূর্ববর্তী শ্রেণীর সত্যায়িত মার্কসীট (শুধুমাত্র বিজিবি এর মৃত সদস্যদের সন্তান এবং শহীদ/ মুক্তিযোদ্ধা সদস্যদের সন্তান/নাতী/নাতনীদের জন্য প্রযোজ্য)।

আবেদন ফরমের সাথে স্কুল এবং কলেজে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদেরকে পূর্ববর্তী ক্লাসের মার্কসীট/পরীক্ষার ফলাফল সীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট/টেবুলেশন সীট এর সত্যায়িত ছায়াকপি, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এর নিকট হতে মেধাবী/সাফল্য ও আচরণ সম্পর্কে প্রদত্ত সনদপত্র এবং সদ্য তোলা এক কপি পাসপোর্ট আকারের সত্যায়িত রঞ্জন ছবিসহ দাখিল করতে হবে। সংশ্লিষ্ট বিজিবি সদস্যদের তালিকাপত্র অনুযায়ী শিক্ষার্থীর নামের সঠিকতা নিশ্চিত করতে হবে। নামের কোন গরমিল আবেদন ফরমে কোন ভুলক্রটি পরিলক্ষিত হলে এবং আবেদন ফরমে কোন অসম্পূর্ণতা থাকলে তা বৃত্তির জন্য বিবেচিত হবে না। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের পর আবেদন ফরম প্রেরণ করা হলে তা অগ্রহণযোগ্য হবে।

মোঃ শফিউল আলম খান
পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে

সীমিত